# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৩২

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৫৯ তম জরুরি কমিশন সভা অদ্য ০২/১০/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

কমিশনের আদেশ নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০১৮-৯১২/৩১ তারিখ ১৬/০৮/২০১৮ এবং আদেশ নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০১৮-৯১২/৩৯ তারিখ ১৬/০৯/২০১৮ এর প্রেক্ষিতে ইতোপূর্বে মুন্নু জুট স্ট্যাফলার্স লিমিটেড, বাংলাদেশ অটোকারস্ লিমিটেড ও লিগ্যাসি ফুটওয়্যার লিমিটেড এর শেয়ারের লেনদেন স্থগিত রাখা হয়। আজকের জরুরি সভায় কমিশন, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে এবং কোম্পানি সমূহের লভ্যাংশ ঘোষণা ও অন্যান্য আনুসংগিক বিষয় বিবেচনা করে উক্ত কোম্পানিত্রয়ের মধ্যে বাংলাদেশ অটোকারস্ লিমিটেড ও লিগ্যাসি ফুটওয়্যার লিমিটেড এর শেয়ারের লেনদেনের স্থগিতাদেশ প্রত্যাহার ও কোম্পানি দুটির লেনদেন আগামীকাল অর্থাৎ ০৩/১০/২০১৮ তারিখ হতে বাধ্যতামূলক স্পট মার্কেটে সম্পন্ন হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত কোম্পানি দুটির লেনদেনে আর্থিক সমন্বয় সুবিধা বন্ধ থাকবে। একইসাথে, তদন্ত প্রতিবেদনে উল্লেখিত সিকিউরিটিজ আইন লঙ্ঘনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহনের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এছাড়া, অধিকতর তদন্তের প্রয়োজনে মুন্নু জুট স্ট্যাফলার্স লিমিটেড এর শেয়ার লেনদেনের স্থগিতাদেশ আরো পনের (১৫) দিনের জন্য বর্ধিত করার সিদ্ধান্তও গৃহীত হয়েছে।

02/10/2018

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd